



# বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা

## বিজ্ঞপ্তি

নং- নিকস/প্র-৩/রাদনি/০৪/২০০৮/১০১

তারিখ : ২৬-০৮-২০০৮ ইং

গণপ্রতিনিধিত্ব (সংশোধন) অধ্যাদেশ, ২০০৮ এর বিধান অনুযায়ী নির্বাচন কমিশনের সহিত নিবন্ধিত রাজনৈতিক দলের মনোনীত কিংবা স্বতন্ত্র প্রার্থী ব্যতিরেকে অন্য কেহ জাতীয় সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করিবার যোগ্য হইবেন না।

২। বর্ণিত আদেশ ও রাজনৈতিক দল (নিবন্ধীকরণ) বিধিমালা, ২০০৮-উল্লিখিত শর্তাবলী পূরণে সক্ষম রাজনৈতিক দলসমূহকে বিধিমালায় সংযোজিত ফরম-১ পূরণপূর্বক আগামী ১৫ই অক্টোবর, ২০০৮ সালের মধ্যে নিবন্ধনের জন্য আবেদন করার আহ্বান জানানো যাইতেছে।

৩। নিবন্ধীকরণের উদ্দেশ্যে কোন রাজনৈতিক দলকে দরখাস্তের সহিত নিম্নলিখিত আবশ্যিকীয় দলিলাদি সংযুক্ত করিতে হইবে, যথা-

- (ক) দলের নাম ও প্রধান কার্যালয়ের ঠিকানা;
- (খ) দলের গঠনতন্ত্র;
- (গ) দলের নির্বাচনী ইস্তেহার, যদি থাকে;
- (ঘ) দলের বিধিমালা, যদি থাকে;
- (ঙ) দলের লোগো এবং পতাকার ছবি;
- (চ) দলের কেন্দ্রীয় নির্বাহী কমিটি বা সমমানের কমিটির সকল সদস্যের নাম এবং পদবী;
- (ছ) দলের নামে রক্ষিত ব্যাংকের নাম, একাউন্ট নম্বর ও সর্বশেষ স্থিতি;
- (জ) দলের তহবিলের উৎসের বিবরণ;
- (ঝ) দলের নিবন্ধনের দরখাস্ত করিবার জন্য ক্ষমতা প্রাপ্ত সংশ্লিষ্ট ব্যক্তির অনুকূলে প্রদত্ত ক্ষমতাপত্র;
- (ঞ) নিবন্ধন ফি বাবদ সচিব, নির্বাচন কমিশন সচিবালয়ের বরাবরে জমাকৃত অফেরতযোগ্য টাকার ট্রেজারী চালানের কপি (কোড নম্বর ১-০৬০১-০০০১-১৮৭৬)।
- (ট) দরখাস্ত দাখিলের দিন পর্যন্ত-
  - (অ) গঠিত সংসদের মধ্যে যে কোন একটি সংসদে দরখাস্তকারী দলের নির্বাচিত সংসদ সদস্যের মধ্যে কমপক্ষে ১ জন সদস্যের তথ্য; কিংবা
  - (আ) কমিশন কিংবা তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তা কর্তৃক, সংসদ নির্বাচনের যে কোন একটিতে উক্ত দল কর্তৃক অংশগ্রহণকৃত আসনে প্রদত্ত মোট ভোটের শতকরা পাঁচ ভাগ ভোট লাভ সংক্রান্ত, ইস্যুকৃত প্রত্যয়ন পত্র; কিংবা
  - (ই) দলের কেন্দ্রীয় কমিটিসহ দেশের মোট জেলার অন্যান্য দশ জেলায় জেলা কমিটিসহ কার্যকর জেলা দপ্তর এবং অন্যান্য পঞ্চাশটি উপজেলা বা ক্ষেত্রমত মেট্রোপলিটন থানায় অন্যান্য দুইশত ভোটার সদস্য হিসেবে দলের তালিকাভুক্ত থাকার প্রামাণিক দলিল।

৪। কোন রাজনৈতিক দলকে নিবন্ধিত করিবার সিদ্ধান্ত গ্রহণের পর উক্ত দলের অনুকূলে কমিশন ফরম-৩ এ একটি নিবন্ধন সার্টিফিকেট প্রদান করিবে এবং নিবন্ধিত রাজনৈতিক দলের নাম সরকারী গেজেটে প্রকাশ করিবে।

৫। নিবন্ধন ফরম ও অন্যান্য তথ্যের জন্য নির্বাচন কমিশন সচিবালয়ের উপ-সচিব (প্রশাসন-১) এর সহিত যোগাযোগ করিবার জন্য অনুরোধ করা যাইতেছে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

স্বাঃ -

(মুহাম্মদ হুমায়ুন কবির)

সচিব